কালের কণ্ঠ

তারিখ 14 DEC 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

এসএসসি-এইচএসসি পরীক্ষা

# অতিরিক্ত ফি নিলে স্কুল-কলেজের কমিটি স্থগিত

নিজস্ব প্রতিবেদক ▷

এসএসসি ও এইচএসসি সমমানের পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় করাকে অবৈধ ঘোষণা করেছেন হাইকোর্ট। একই সঙ্গে শিক্ষার্থীদের কাছ থেকে নেওয়া অতিরিক্ত ফি আগামী ৩০ দিনের মধ্যে ফেরত দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল বুধবার বিচারপতি কাজী রেজাউল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণে অতিরিক্ত ফি নেওয়া সংক্রান্ত এক রুলের ওপর শুনানি শেষে গতকাল রায় দেন আদালত। রায়ে নির্দেশনার পাশাপাশি আদালত বলেছেন, অতিরিক্ত ফি নেওয়া হলে এবং ইতিপূর্বে যেসব শিক্ষাপ্রতিষ্ঠান অতিরিক্ত ফি নিয়েছে, তা ফেরত দেওয়া না হলে ওই সব শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ বা ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির কার্যক্রম স্থগিত থাকবে।

আদালত রায়ে বলেছেন, অতিরিক্ত ফি না দেওয়ার কারণে কোনো শিক্ষার্থীকে পরীক্ষা দেওয়ার সুযোগ না দিলে, সেই শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃপক্ষের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে।

উল্লেখ্য, ২০১৪ সালের ১০ নভেম্বর একটি জাতীয় দৈনিক পত্রিকায় 'আট গুণ বাড়তি ফি আদায়' শিরোনামে প্রকাশিত প্রতিবেদন আমলে নিয়ে এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণে বাড়তি ফি আদায় বন্ধের নির্দেশ দিয়েছিলেন হাইকোর্ট। পরবর্তী সময় রাজধানীর বিভিন্ন স্কুল বাড়তি ফি ফেরত দিয়েছিল। যারা দেয়নি তাদের তলবও করেছিলেন হাইকোর্ট।

স্বেচ্ছাপ্রণোদিত হয়ে ওই আদেশে আদালত বাড়তি ফি আদায় কেন অবৈধ ঘোষাণা করা হবে না, তা জানাতে সরকার ও সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর ওপর রুল জারি করেছিলেন আদালত। ওই রুলের শুনানি শেষে গতকাল রায় দেওয়া হয়।

রুলের শুনানিতে সরকারপক্ষে অংশ নেন ডেপুটি অ্যাটর্নি জেনালের তাপস কুমার বিশ্বাস। ঢাকা শিক্ষা বোর্ডের পক্ষে আইনজীবী ছিলেন মোহাম্মদ মিজানুর রহমান।

রায় শেষে মিজানুর রহমান সাংবাদিকদের বলেন, এসএসসি, এইচএসসি ও সমমানের কোনো শিক্ষার্থীর কাছ থেকে পরীক্ষার ফি বাবদ অতিরিক্ত ফি নেওয়া যাবে না। অতিরিক্ত ফি যারা নিয়েছে তাদের আগামী ৩০ দিনের মধ্যে তা ফেরত দিতে হবে।